গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী
সাধারণ শাখা
www.rajbari.gov.bd

রাজবাড়ী জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির মার্চ ২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	সুলতানা আক্তার জেলা প্রশাসক
সভার তারিখ	**২৪ মার্চ ২০২৫**
সভার সময়	**দুপুর ১:১৫**
স্থান	সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী
উপস্থিতি	(সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত আছে)

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে কর্মসংস্থান সৃষ্টি, নৈতিকতা ও সামাজিক অবক্ষয় রোধ, বাল্যবিবাহ রোধ, স্বাস্থ্য বিষয়ক সচেতনতা, মাদক ও সন্ত্রাসমুক্তকরণ, মাতৃ ও শিশু মৃত্যুহার নিয়ন্ত্রণে সরকারি/বেসরকারি সংস্থাগুলোর সমন্বয়ের মাধ্যমে যুগপৎভাবে কাজ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সভায় বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রমিক নং	আলোচ্য বিষয়/আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	সরকারি বিধিবিধান অনুসরণপূর্বক কার্যক্রম পরিচালনা এবং স্থানীয় প্রশাসনকে অবহিতকরণপূর্বক সংশ্লিষ্ট সরকারি দপ্তরকে সম্পৃক্ত করে কার্যক্রম পরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	ক) সরকারি বিধিবিধান অনুসরণপূর্বক স্থানীয় প্রশাসনকে সম্পৃক্ত করে কার্যক্রম পরিচালনা করতে হবে। খ) এনজিও সংস্থাসমূহকে সরকারি বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ উদ্যোগ গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট এনজিওসমূহ
২.	ক্ষুদ্রঋণ কার্যক্রমের পাশাপাশি সামাজিক অবক্ষয় রোধ, বাল্যবিবাহ রোধ, স্বাস্থ্য বিষয়ক সচেতনতা সৃষ্টি, মাদক ও সন্ত্রাসমুক্তকরণ, মাতৃ ও শিশু মৃত্যুহার নিয়ন্ত্রণ এবং ধর্মীয় ও সামাজিক দৃষ্টিকোণ থেকে আত্মহত্যা প্রতিরোধমূলক সভার আয়োজন সংক্রান্ত বিষয় আলোচনা করা হয়।	সঞ্চয় এবং ক্ষুদ্রঋণ কার্যক্রমের পাশাপাশি সামাজিক অবক্ষয় রোধ, বাল্যবিবাহ রোধ, স্বাস্থ্য বিষয়ক সচেতনতা সৃষ্টি, মাদকাসক্তি ও সন্ত্রাসী কার্যক্রমে নিরুৎসাহিতকরণ, মাতৃ ও শিশু মৃত্যুহার নিয়ন্ত্রণ এবং ধর্মীয় ও সামাজিক দৃষ্টিকোণ থেকে আত্মহত্যা প্রতিরোধমূলক আলোচনা সভা আয়োজনের মাধ্যমে জনগণকে সচেতন করতে হবে।	এনজিও প্রধান (সকল)

৩.	সভায় 'টিএমএসএস' নামক সংস্থার শাখা প্রধান তাদের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন। সংস্থাটি রাজবাড়ী সদর, পাংশা, বালিয়াকান্দি এবং কালুখালী উপজেলায় কার্যক্রম পরিচালনা করে আসছে। ক্ষুদ্রঋণের পাশাপাশি ঋণ ও সঞ্চয় সেবা কার্যক্রম এবং নিরাপদ পানি ও স্যানিটেশন বিষয়ক কার্যক্রম পরিচালনা করে আসছে। এ বিষয়ে উক্ত কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন সামাজিক কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	আগামী সভায় 'রুপসী বাংলা সোসাইটি' নামক এনজিও "Power Point Presentation" এর মাধ্যমে তাদের কার্যক্রম উপস্থাপন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	এনজিও প্রধান, 'রুপসী বাংলা সোসাইটি' রাজবাড়ী
৪.	প্রচলিত আইন ও বিধিবিধান অনুসরণপূর্বক কার্যক্রম পরিচালনা করতে হবে। এছাড়া স্থানীয় প্রশাসনকে অবহিতকরণপূর্বক সংশ্লিষ্ট সরকারি দপ্তরকে সম্পৃক্ত করে কার্যক্রম পরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	ক) প্রযোজ্য আইন ও বিধিবিধান অনুসরণপূর্বক স্থানীয় প্রশাসনকে সম্পৃক্ত করে কার্যক্রম পরিচালনা করতে হবে। খ) এনজিও সংস্থাসমূহকে সরকারি বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ উদ্যোগ গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট এনজিওসমূহ
৫.	বাল্যবিবাহ রোধকল্পে সচেতনতামূলক আলোচনা সভা ও উঠান বৈঠকের মাধ্যমে জনগণকে সচেতন করতে হবে। শিশু জন্মের ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে বিনা ফি'তে জন্ম নিবন্ধন করার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন। দ্রুততম সময়ের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পন্ন করার বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করতে হবে এবং জন্ম নিবন্ধনে প্রদত্ত তথ্যাদির সাথে যেন পিতা ও মাতার এনআইডির হুবহু মিল থাকে সে বিষয়ে সকলকে সচেতন থাকার অনুরোধ জানানো হয়।	ক) বাল্যবিবাহ রোধকল্পে তৃণমূল পর্যায়ে আলোচনা সভা ও উঠান বৈঠকের মাধ্যমে জনগণকে সচেতন করার বিষয়টি আরও বেগবান করতে হবে। খ) বিদ্যমান আইন ও বিধিমালা অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।	(ক) উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী (খ) সংশ্লিষ্ট এনজিওসমূহ
৬.	উপজেলা এনজিও বিষয়ক মাসিক সমন্বয় কমিটির সভা প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে সম্পন্ন করে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে যথাসময়ে দাখিলের বিষয়ে আলোচনা করা হয়।	উপজেলা নির্বাহী অফিসারগণ নিয়মিত উপজেলা এনজিও সমন্বয় কমিটির সভা আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করবেন এবং সকল এনজিও প্রতিষ্ঠান প্রতি মাসের কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী খ) সংশ্লিষ্ট এনজিওসমূহ
৭.	বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬ সম্পর্কে বিস্তারিত আলোচনা।	এনজিওসমূহকে বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬ অনুসরণপূর্বক যথাযথভাবে কার্যক্রম পরিচালনা করতে হবে।	সংশ্লিষ্ট এনজিওসমূহ

৮.	নির্বাহী পরিচালক, রাস-এর পরিচালক বলেন, রাজবাড়ী জেলাতে কর্মরত এনজিওসমূহ অত্যন্ত আন্তরিকতার সাথে জেলা প্রশাসক মহোদয়ের দিক-নির্দেশনায় সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডের সাথে সমন্বয় করে কার্যক্রম পরিচালনা করে আসছে। সেই সাথে তিনি আগামী দিনগুলোতেও জেলা প্রশাসক মহোদয়ের নেতৃত্বে সরকারি নির্দেশনা অনুযায়ী বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে জেলা প্রশাসনের সাথে নিবিড়ভাবে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।	কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সভাপতি এনজিও ফেডারেশন রাজবাড়ী

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭-০৩-২০২৫
সুলতানা আক্তার
জেলা প্রশাসক
০২-৪৭৮৮০৭৫৩৩ (ফোন)
০২-৪৭৮৮০৮০৫৯ (ফ্যাক্স)
dcrajbari@mopa.gov.bd

নম্বর: ০৫.৩০.৮২০০.০০০.০২৩.০৬.০০০১.২০.১৩৩

তারিখ: ১৩ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মহাপরিচালক, মহাপরিচালক মহোদয়ের শাখা, এনজিও বিষয়ক ব্যুরো।
৩। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সমাজসেবা ভবন, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৪। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী।
৬। আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী (কার্যবিবরণী স্ক্যানপূর্বক জেলার ওয়েবসাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
৭। ....সদস্য, এনজিও বিষয়ক সমন্বয় কমিটি, রাজবাড়ী।

২৭-০৩-২০২৫
সুলতানা আক্তার
জেলা প্রশাসক